

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ পৌষ ১৪২৮/০৪ জানুয়ারি ২০২২

নম্বর ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৮.২০.০৬।—স্বাধীন বাংলাদেশের মহান স্বপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে সরকার ১৭ই মার্চ ২০২০ থেকে ২৬শে মার্চ ২০২১ সময়কে মুজিববর্ষ হিসেবে ঘোষণা করে। মুজিববর্ষ উদযাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি কোভিড-১৯ বৈশ্বিক মহামারির কারণে নির্ধারিত সময়ে যথাযথভাবে সম্পন্ন করা সম্ভব না হওয়ায় মুজিববর্ষের সময়কাল ১৬ই ডিসেম্বর ২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়েছিল। এক্ষেত্রে টুঞ্জিপাড়ায় জাতির পিতার সমাধিসৌধে শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান ও লোকজ মেলা আয়োজন, অনলাইন কুইজের পুরস্কার বিতরণ, বিভিন্ন প্রকাশনা মুদ্রণের কাজ সম্পন্ন, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের দাপ্তরিক কার্যাদি সম্পন্ন, নথিপত্র, অফিস সরঞ্জামাদি, প্রকাশনাসমূহ সরকার নির্ধারিত কর্তৃপক্ষের নিকট হস্তান্তর, আর্থিক বিষয়াদি নিষ্পন্ন করা, ব্যাংক হিসাব বন্ধ করা, অডিট সম্পাদন ইত্যাদি কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে সরকার মুজিববর্ষের সময়কাল এবং ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি’ ও ‘জাতীয় বাস্তবায়ন কমিটি’র মেয়াদ ৩১শে মার্চ ২০২২ পর্যন্ত বর্ধিত ঘোষণা করল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১৩১ )

মূল্য : টাকা ৪.০০


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১  
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৩.০১৪.২০- ২৩

তারিখ ২৭ পৌষ ১৪২৮  
১৯ জানুয়ারি ২০২২

মন্ত্রিপরিষদ বিভাগ এর প্রজ্ঞাপন নম্বর ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৮.২০.০৬ তারিখ- ০৪-০১-২০২২ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১. প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।  
আপনার অধীনস্থ কারাগারসমূহে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৩. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী।
৪. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫. প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/ বাজেট অফিসার/স্টাফ অফিসার/ পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। উল্লিখিত স্মারকটি কারা বিভাগের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট/কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (সং দঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০. সার্কুলার ফাইল/গার্ড ফাইল।

  
মোঃ মাইন উদ্দিন ভূইয়া  
বিজে- ০১৮৫১২০০৫৪১  
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
ফোন: ৫৭৩০০৪৬৬ (দপ্তর)  
aig.adm@prison.gov.bd